



**আপনাকে পরিষেবা (সার্ভিস) দেওয়ার জন্য
আপনার ব্যক্তিগত তথ্য নিয়ে আমাদের নাড়াচাড়া করতে হবে।
এইভাবে আমরা সেই তথ্যের দেখাশোনা করব।**

আমরা প্রতিশ্রুতি দিচ্ছি যে যখন আমরা আপনার কাছে ব্যক্তিগত তথ্য চাইব তখন আমরা:

- আপনাকে জানানো নিশ্চিত করব যে এটা আমাদের কেন দরকার;
- আমাদের যা দরকার শুধুমাত্র সেইটুকুই চাইব, এবং তার চেয়ে বেশী বা অপ্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করব না;
- এটাকে রক্ষা করব এবং যাদের এটা দেখা উচিত নয় তারা যেন সেটা দেখতে না পান তা নিশ্চিত করব;
- আরও ভাল সরকারী পরিষেবা দেওয়ার উদ্দেশ্যে অন্যান্য প্রতিষ্ঠানের সাথে এই তথ্যের আদানপ্রদান করার কথা - এবং আপনি তাতে না বলতে পারেন কিনা তা আপনাকে জানাব;
- নিশ্চিত করব যে এটা যাতে প্রয়োজনের অতিরিক্ত সময় রাখা না হয়; এবং
- আপনার অনুমতি ছাড়া ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করার জন্য আপনার ব্যক্তিগত তথ্য কাউকে দেব না।

এর পরিবর্তে, আমরা আপনাকে অনুরোধ করছি যে:

- আপনি আমাদের সঠিক তথ্য দেবেন; এবং
- কোন পরিবর্তন হলে তা যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি আমাদের জানাবেন, যেমন নতুন ঠিকানা।

এতে আপনার তথ্য নির্ভরযোগ্য ও সাম্প্রতিক রাখতে আমাদের সাহায্য হবে।

নিচের বিষয়গুলিতে আপনি আরও তথ্য পেতে পারেন:

- আপনার সম্বন্ধে আমাদের কাছে কি তথ্য রয়েছে তা কিভাবে জানা যায় এবং কোন ভুল থাকলে আমাদের কিভাবে তা সংশোধন করতে বলতে পারেন;
- অন্যান্য প্রতিষ্ঠানের সাথে তথ্য আদানপ্রদানের জন্য আমাদের কি কি চুক্তি আছে;
- কোন পরিস্থিতিতে আপনাকে না জানিয়ে আমরা আপনার ব্যক্তিগত তথ্য অন্য কাউকে দিতে পারি, যেমন, কোন অপরাধ প্রতিরোধ করা ও অপরাধীকে ধরা অথবা নাম ও পরিচয়বিহীন পরিসংখ্যান প্রকাশ করার জন্য;
- কিভাবে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার ও মুছে ফেলতে হবে সে বিষয়ে কর্মচারীদের জন্য আমাদের নির্দেশ;
- আমাদের কাছে রাখা তথ্য যে সঠিক এবং সাম্প্রতিক তা আমরা কিভাবে পরীক্ষা করে দেখি; এবং
- কিভাবে অভিযোগ করতে হয়।

আরও তথ্যের জন্য, দয়া করে যোগাযোগ করবেন:

আমরা যখন আপনার কাছে তথ্য চাইব, তখন ডেটা প্রোটেকশন অ্যাক্ট 1998 সমেত সব আইন আমরা মেনে চলব। তথ্য রক্ষা করা, গোপনীয়তা রক্ষা করা এবং তথ্যের আদানপ্রদান করার বিষয়গুলিতে নিরপেক্ষ উপদেশের জন্য, আপনি Wycliffe House, Water Lane, Wilmslow, Cheshire, SK9 5AF ঠিকানায় ইন্ফরমেশন কমিশনারের সাথে যোগাযোগ করতে পারেন।

টেলিফোন: 01625 545745 ফ্যাক্স: 01625 524510

ই-মেইল: mail@dataprotection.gov.uk